গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৫.১১.০০১.২৫.১৯১

তারিখ : ১৯ চৈত্র ১৪৩২ / ০২ এপ্রিল ২০২৬

## প্রজ্ঞাপন

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের ২৮ জুলাই ২০২৫ তারিখের ১০.০৩.০০০০.০০১.৩১.০০৬.১৭-৩০৪ নম্বর স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে সপ্তদশ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০২৪-এর মাধ্যমে মনোনীত নিম্নবর্ণিত প্রার্থীকে কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুসারে জ্যেষ্ঠতা অক্ষুণ্ন রেখে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে সিভিল জজ পদে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৬ এর বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডে ৩০৯৩৫-৬৪৪৩০ বেতনক্রমে নিম্নলিখিত শর্তে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হলো এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে সিভিল জজ (শিক্ষানবিশ) হিসেবে পদায়ন করা হলো :

| ক্রমিক | মেধাক্রম | রোল | প্রার্থীর নাম | পিতার নাম | স্বামী/স্ত্রীর নাম | জন্ম তারিখ | নিজ জেলা | পদায়নকৃত পদ ও জেলা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | ৯০ | ৬২২৯ | জনাব সোনিয়া আক্তার ডলি | মো. সোহরাব আলী | মো. শওকাতুল আলম | ২৭/০৭/১৯৯৬ | রাজবাড়ী | সিভিল জজ, ফরিদপুর |

২। **উক্তরূপে নিয়োগপ্রাপ্ত সিভিল জজের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলি প্রযোজ্য হবে :**

(ক) শিক্ষানবিশ সিভিল জজ হিসেবে চাকরিতে যোগদানের তারিখ হতে পরবর্তী ২০ (বিশ) দিন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীতে, ১০ (দশ) দিন লিগ্যাল এইড অফিসে, ২০ (বিশ) দিন সিনিয়র সিভিল জজ/সিভিল আদালতে, ০৫ (পাঁচ) দিন যুগ্ম জেলা ও দায়রা জজ আদালতে এবং ০৫ (পাঁচ) দিন জেলা ও দায়রা জজ আদালতে সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ এর তত্ত্বাবধানে আদালতের কার্যাবলি পরিচালনা, অফিস ব্যবস্থাপনা এবং সরকারি আইনি সহায়তা কার্যক্রম সর্ম্পকে প্রশিক্ষণ গ্রহণ করবেন;

(খ) প্রশিক্ষণের ক্ষেত্রে 'শিক্ষানবিস সিভিল জজগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮'-এর অনুচ্ছেদ ৬-এ বর্ণিত প্রশিক্ষণ পদ্ধতি অনুসরণ করতে হবে।

(গ) উক্ত প্রশিক্ষণ সমাপনান্তে সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ 'শিক্ষানবিস সিভিল জজগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮'-এর অনুচ্ছেদ ৫-এ বর্ণিত বিধান অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন প্রেরণ করবেন এবং শিক্ষানবিস সিভিল জজগণকে আদালতের দায়িত্ব প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঘ) এই নিয়োগপত্র অনুসারে যোগদানের তারিখ হতে ২ (দুই) বছরের জন্য তিনি শিক্ষানবিশ স্তরে থাকবেন। তবে স্থায়ীকরণের পূর্বে উক্ত মেয়াদ এক বা একাধিকবার অতিরিক্ত ২ (দুই) বছর পর্যন্ত বৃদ্ধি করা যাবে;

(ঙ) শিক্ষানবিশ মেয়াদে (বর্ধিত মেয়াদকালসহ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার কর্তৃক নির্ধারিত এক বা একাধিক প্রতিষ্ঠানে সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;

(চ) শিক্ষানবিশকালে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর অন্যান্য শর্তাদি প্রতিপালন সাপেক্ষে তাঁকে চাকরিতে স্থায়ী (Confirm) করা হবে;

(ছ) কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ বা বর্ধিত মেয়াদ থাকলে তা চলাকালে যে কোনো সময় বা উহা শেষ হওয়ার পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয়, বা ক্ষেত্রমতো ছিল না বা তাঁর কর্মদক্ষ হওয়ার সম্ভবনা নেই বা তিনি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হননি বা প্রশিক্ষণ সমাপ্ত করেননি তাহলে নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত মেয়াদ চলাকালে বা ক্ষেত্রমতো উক্ত ৬ (ছয়) মাসের মধ্যে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাতে পারবেন;

(জ) নিয়োগপ্রাপ্ত সিভিল জজকে উপঅনুচ্ছেদ (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশিকালে অথবা শিক্ষানবিশিকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন, তাহলে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতা ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরৎ দিতে তিনি বাধ্য থাকবেন;

(ঝ) নিয়োগপ্রাপ্ত সিভিল জজ যদি তাঁর ইস্তফা পত্র গৃহীত হওয়ার পূর্বে সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তাহলে উপঅনুচ্ছেদ (ছ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ The Public Demands Recovery Act, 1913 (Act III of 1913) এর বিধান অনুসারে আদায়যোগ্য হবে এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঞ) এ প্রজ্ঞাপন দ্বারা নিয়োগপ্রাপ্ত সিভিল জজের জ্যেষ্ঠতা/মেধা তালিকা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক প্রদত্ত সুপারিশ অনুসারে নির্ধারিত হবে;

(ট) নিয়োগপ্রাপ্ত সিভিল জজ যদি আইনানুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোনো বিদেশি নাগরিককে বিবাহ করেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হন, তাহলে তাঁর এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ঠ) শিক্ষানবিশ সিভিল জজের চাকরি-সংক্রান্ত অন্যান্য বিষয়ে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস গঠন বিধিমালা, ২০২৫, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকরির অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০২৫ ও বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এবং সরকারের প্রথম শ্রেণির কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মাবলি বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১১৬ সাপেক্ষে অনুসরণ করা হবে;

(ড) কোনো শিক্ষানবিশ সিভিল জজকে চাকরিতে স্থায়ী করা হলে পেনশন, অর্জিত ছুটি ও অন্যান্য বিষয়ে শিক্ষানবিশকালীন মেয়াদ তাঁর মোট চাকরিকালে অন্তর্ভুক্ত হবে;

(ঢ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে আরও একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ণ) The Government Servants (Conduct) Rules, 1979-এর বিধি ১৩(১) অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে;

(ত) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্ট বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তাঁর চাকরির শর্তাদি নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রণীতব্য আইন, আদেশ ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং

(থ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

৩। উপর্যুক্ত শর্তাবলি গ্রহণযোগ্য হলে নিয়োগপ্রাপ্ত সিভিল জজকে আগামী **০৫.০৪.২০২৬** তারিখ পূর্বাহ্নে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদায়নকৃত কর্মস্থলের জেলা ও দায়রা জজ এর নিকট যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত হননি মর্মে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

02/04/2026

**(মোঃ মাসুম বিল্লাহ)**
উপসচিব (প্রশাসন-১)
ফোন : ৫৫১০০৮৮৬

নম্বর: ১০.০০.০০০০.০০০.১২৫.১১.০০১.২৫.**১৯১**/১(২৭)

তারিখ: ১৯ চৈত্র ১৪৩২ / ০২ এপ্রিল ২০২৬

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬. সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৭. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. জেলা ও দায়রা জজ, ফরিদপুর।
[সংশ্লিষ্ট নবনিযুক্ত সিভিল জজের যোগদানপত্রের অনুলিপি জরুরিভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। যদি তিনি যোগদান না করেন তাও অবহিত করার জন্য অনুরোধ করা হলো।]
১১. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
১২. মহাপরিচালক, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
১৩. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫ কলেজ রোড, ঢাকা।
১৪. মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১৫. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৬. উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বি. জি. প্রেস), তেজগাঁও, ঢাকা।
[প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে অনতিবিলম্বে প্রকাশ করে এর ২০ কপি এ বিভাগে সরবরাহের অনুরোধসহ]
১৭. সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৩/৪/৫/বাজেট-১/বাজেট-২, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৮. জনাব সোনিয়া আক্তার ডলি, স্থায়ী ঠিকানা: সোহরাব ব্যাংকার বাড়ী / শেখ মঞ্জিল, ওয়ার্ড নং - ৬, রামকান্তপুর, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
২০. জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২১. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় [প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।]
২২. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ফরিদপুর।
২৩. হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিয়যক মন্ত্রণালয়।
২৪. অতিরিক্ত সচিব-১/২, যুগ্মসচিব (প্রশাসন-১/২)/বাজেট ও উন্নয়ন মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
২৫. উপসচিব (প্রশাসন-১/২)/বাজেট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
২৬. অফিস কপি।
২৭. গার্ড ফাইল।

2.9.24

**(মোঃ মঈনউদ্দিন কাদির)**
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৫৫১০০৪১২